ভোরের কাগজ

তারিখ ... AUG. 23 1999

পৃষ্ঠা ৬ কলাম ৮

# ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে দর্শনা সরকারি কলেজে অচলাবস্থা

আলমডাঙ্গা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি : চুয়াডাঙ্গার দর্শনা সরকারি কলেজে এইচএসসি প্রথম বর্ষে শিক্ষার্থী ভর্তি করাকে কেন্দ্র করে উত্তেজনা বিরাজ করছে। বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা ভারপ্রাপ্ত অধ্যক্ষের অপসারণ দাবি করে মিটিং মিছিল অব্যাহত রেখেছে। অপরদিকে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় কলেজ কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ভর্তি বন্ধ রেখেছে।

একাধিক সূত্রে জানা যায়, গত ১৬ আগস্ট চলতি শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু ৬৩৬ জন ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষা দেয়। কলেজ কর্তৃপক্ষ ৪৫০ জন শিক্ষার্থীকে ভর্তির অনুমোদন দেয় বাকি ১৮৩ জন শিক্ষার্থী স্থানীয় ছাত্রনেতাদের সঙ্গে নিয়ে ঐ কলেজে তাদের ভর্তি করার জন্য কর্তৃপক্ষকে চাপ প্রয়োগ করেতে থাকে। এতে কলেজ কর্তৃপক্ষ ১০ জন ছাত্র নেতার বিরুদ্ধে মামলা করলে তারা ক্ষিপ্ত হয়ে পড়ে এবং মিটিং মিছিল অব্যাহত রাখে। গত ২১ আগস্ট কলেজে আরো বেশি উত্তেজনা ছড়িয়ে পড়ে।